

ব্যাংক থেকে প্রদত্ত প্রতি লাখে অতিরিক্ত দু'হাজার টাকা কি বৈধ?

প্রশ্নঃ

আমার ব্যাংকে একাউন্ট আছে। আমি সেখানে বিদেশ থেকে টাকা আনি। এ কারণে ব্যাংকওয়ালারা আমাকে খুশি হয়ে প্রতি একলাখে অতিরিক্ত দুই হাজার করে টাকা দেয়। সেখানে আমি কোনো টাকা জমা রাখি না, শুধু বিদেশ থেকে পাঠালে নিয়ে আসি। এই দুই হাজার টাকা কি সুদ হবে? দলিলসহ জানাবেন।

আব্দুল হক

বগুড়া

উত্তরঃ

না ভাই, এটি সুদ নয়। এই টাকাটা মূলত আপনি যে ব্যাংক থেকে গ্রহণ করেন, সেই ব্যাংকও দেয় না। এটা দেয় বাংলাদেশ ব্যাংক বা সরকার। বিদেশ থেকে অবৈধ পথে টাকা সংগ্রহের পরিবর্তে সরকার অনুমোদিত পথে টাকা সংগ্রহে উৎসাহিত করার জন্য সরকার তা প্রণোদনা হিসেবে দিয়ে থাকে। যাতে দেশের রেমিটেন্স বাড়ে এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে তা ভূমিকা রাখতে পারে। এজন্য সরকারের আলাদা বাজেটও থাকে। সুতরাং আপনার জন্য তা গ্রহণ করা জায়েয।

فقط. والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৪-১১-২৪৪১ হি

১৬-০৭-২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ